দৈনিক ইত্তেফাক
তারিখ ... 11 JUL 1994
পৃষ্ঠা ১২ কলাম ৭

26

# বরিশাল মেডিকেল কলেজে তিন বছরের জন্য ছাত্র রাজনীতি বন্ধ

বরিশাল অফিস ॥ শেরে বাংলা মেডিকেল কলেজে তিন বছরের জন্য ছাত্র রাজনীতি বন্ধ করা হইয়াছে। গতকাল (রবিবার) একাডেমিক কাউন্সিলের

(২য় পৃ: ৬-এর ক: দ্র:)

## বরিশাল মেডিকেল

(১ম পৃ: পর)

এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত ২রা জুলাইয়ের সভায় অনির্দিষ্টকালের জন্য ছাত্র রাজনীতি বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল। অধ্যক্ষ জানান ছাত্রনেতাদের আবেদনের প্রেক্ষিতে গতকাল পূর্বের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হয়। এইদিকে ছাত্র ছাত্রীরা সিট বন্টন ব্যবস্থা ও ছাত্রাবাস আচরণবিধি মানিয়া লইয়াছে। যাহারা গত ৫ দিন ইহা মানিতে রাজী হয় নাই তাহারাও গতকাল অঙ্গীকারনামায় স্বাক্ষর করিয়াছে। ছাত্রাবাসের ৫৬১ জন ছাত্রের মধ্যে ৩৬৬ জন ইতিমধ্যে ছাত্রাবাসে রিপোর্ট করিয়াছে এবং আজ (সোমবার) দুপুর ১২টার মধ্যে তাহারা নূতন বরাদ্দকৃত সিটে চলিয়া যাইবে। ফলে সংকট দূর হইয়াছে।